



বাংলাদেশ কৃষি ব্যাংক  
মানিলভারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও  
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ  
প্রধান কার্যালয়  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

dcamlco@krishibank.org.bd  
Phone: 02-47120513

নং- প্রকা/এএমএল-৫(CTR)/২০২৩-২০২৪/৪৬৬৯

তারিখ : ২০-০৬-২০২৪

- ০১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ০২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
- ০৩। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৪। ব্যবস্থাপক, সকল শাখা (মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় এর মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

তাগিদপত্র

বিষয় : CBS এর মাধ্যমে সরাসরি পরিপূর্ণ তথ্য সম্বলিত ও নির্ভুল CTR দাখিল প্রসঙ্গে।।

মহোদয়,

বিএফআইইউ সার্কুলার নং-২৬, তারিখ-১৬/০৬/২০২০ ইং এর নির্দেশনানুযায়ী একটি নির্দিষ্ট দিনে কোন ব্যাংক হিসাবে এক বা একাধিক লেনদেনের মাধ্যমে জমা বা উত্তোলন এর পরিমাণ যদি (অনলাইন, এটিএমসহ যে কোন ধরণের নগদ জমা বা উত্তোলন) ১০.০০ (দশ) লক্ষ বা তদুর্ধ্ব পরিমাণ টাকা বা সমমূল্যের বৈদেশিক মুদ্রা হয় তাহলে উক্ত হিসাবের CTR BFIU বরাবর প্রেরণ করতে হয়।

০২। শাখাসমূহ হতে পোস্টিংকৃত উক্ত CTR প্রতিবেদন মানিলভারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক পর্যালোচনাপূর্বক নির্ধারিত সময়ে BFIU বরাবর GoAML এর মাধ্যমে প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে। বাংলাদেশ কৃষি ব্যাংক বিএফআইইউ এর উক্ত নির্দেশনা অনুযায়ী মাসিক ভিত্তিতে নিয়মিত CTR প্রেরণ করে আসছে। মানিলভারিং প্রতিরোধ আইন-২০১২ এর ২৫(২) ধারা অনুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে CTR যোগ্য লেনদেন পোস্টিং না দেয়া একটি শাস্তিযোগ্য অপরাধ। নির্ধারিত সময়ের মধ্যে CTR দাখিল না করলে BFIU কর্তৃক পঞ্চাশ হাজার টাকা হতে সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা পর্যন্ত জরিমানা হতে পারে। ইতোমধ্যে বিগত সময়ে কিছু শাখাকর্তৃক CTR দাখিল না করার কারণে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেয়ার প্রক্রিয়া চলমান রয়েছে।

০৩। আলোচ্য CTR প্রতিবেদন স্বয়ংক্রিয়ভাবে CBS হতে প্রস্তুত করে বিএফআইইউ বরাবর প্রেরণ করার সুযোগ রয়েছে। সেক্ষেত্রে, উক্ত CTR যোগ্য লেনদেনসমূহ আলাদাভাবে কোন পোর্টালে পোস্টিং দিতে হবে না। শুধুমাত্র বিএফআইইউ এর নির্ধারিত ফরমেট অনুযায়ী গ্রাহকের তথ্য CBS এ সংরক্ষিত হলে CTR প্রতিবেদনটি স্বয়ংক্রিয়ভাবে জেনারেট করা যাবে। ফলে ব্যাংকের শ্রম ও কর্মঘণ্টা সাশ্রয় হবে।

০৪। এমতাবস্থায়, বিগত দশ বছরে আপনার বিভাগাধীন/ অধিষ্ঠাধীন শাখাসমূহ হতে রিপোর্টকৃত CTR যোগ্য হিসাবসমূহ সংযুক্ত নমুনা ফরমেট অনুসরণপূর্বক হালনাগাদ করতে হবে। একই সাথে সকল নতুন হিসাব খোলার ক্ষেত্রে উক্ত নির্ধারিত নমুনা ফরমেট অনুসরণ করতে হবে। পাশাপাশি Auto Generated CTR এর একটি কপি পর্যালোচনার জন্য শাখায় সংরক্ষণ করতে হবে।

০৫। উল্লেখ্য, অত্র বিভাগ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত শাখাসমূহকে CTR যোগ্য উক্ত হিসাবসমূহ আপডেট করার পাশাপাশি বিকেবি জানালা/পোর্টালে পূর্বের মতোই CTR হিসেবে পোস্টিং দিতে হবে।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত  
  
(এফ এম এ রহিম)  
উপমহাব্যবস্থাপক ২০/০৬/২০২৪

উপপ্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা  
(DCAMLCO)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, CAMLCO মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৬। নথি।